সাকিবের সঙ্গে মাঠের সম্পর্ক ঠিক আছে: তামিম

বাংলাদেশ ক্রিকেটের বড় দুই তারকা, বর্তমান সময়ের সবচেয়ে বর ভরসার নাম, দলের দুই অধিনায়ক সাকিব আল হাসান আর তামিম ইকবালের ব্যক্তিগত সম্পর্ক নিয়ে বিগত অনেকদিন ধরেই প্রচুর জল্পনা-কল্পনা। সম্প্রতি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপন সেই গুঞ্জন আরও উসকে দিয়েছেন দুজনের ড্রেসিংরুমের সম্পর্ক নিয়ে মন্তব্য করে। এবার নিজেদের মধ্যে সেই সম্পর্ক নিয়ে মুখ খুললেন টাইগারদের ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল।

রোববার (২৬ ফেব্রুয়ারি) মিরপুরের হোম অব ক্রিকেটে এক সংবাদ সম্মেলন তামিম ইকবাল মুখ খুললেন সাকিবের সঙ্গে সেই সম্পর্ক নিয়ে। বাংলাদেশের ওয়ানডে অধিনায়ক বলেন, ‘সবকিছুই স্বাভাবিক আছে। দলের আবহাওয়া খুব ভালো। শুধু আজ না, অনেকদিন ধরেই। এর রেজাল্টও দেখেছেন। শেষ পাঁচ বছর ধরে ওয়ানডেতে ভালো ছিলাম। যখন ড্রেসিংরুম খুশি থাকে, তখনই এমন ফল আসে। সবকিছুই স্বাভাবিক আছে।’

তামিম আরও বলেন, ‘আমি পরিষ্কার করে বলছি, বাংলাদেশের জার্সি গায়ে আমরা যখন মাঠে নামি, তখন আমাদের মধ্যে কোনো সমস্যা থাকে না। আমরা একসঙ্গে ব্যাটিং করি, পার্টনারশিপ করি। তখন আমাদের মধ্যে কোনো ঝামেলা থাকে না। আমি ওয়ানডে অধিনায়ক। ম্যাচে তার যখন প্রয়োজন তখন তাকে দিয়ে বোলিং করাই। ফিল্ডিং সাজাই। সে উইকেট পেলে তাকে কংগ্রাচুলেট করি, হাইফাই করি। সেও তাই করে। কাজেই আপনাদের বলতে পারি, মাঠের মধ্যে আমাদের দু’জনের সম্পর্কে কোনো সমস্যা নেই।’

শনিবার (২৫ ফেব্রুয়ারি) বাংলাদেশ দলের দুই অধিনায়কের বিরোধ নিয়ে বিসিবি বস পাপনের বক্তব্য যেন ছিলো ঠিক আগুনে ঘি ঢালার মতো। একটি গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে পাপন বলেন, সাকিব আল হাসান ও তামিম ইকবালের মধ্যকার সম্পর্ক ভালো যাচ্ছে না। একে অপরের সঙ্গে কথা বলাও নাকি বন্ধ, যা বিভাজন তৈরি করেছে জাতীয় দলে। দুইজনের সম্পর্ক জোড়া লাগানোর চেষ্টা করে ব্যর্থও হয়েছেন তিনি। ড্রেসিংরুমের পরিবেশ এখন স্বাস্থ্যকর নয়। আসন্ন ইংল্যান্ড সিরিজ থেকেই ড্রেসিংরুমে পরিবর্তন চান বলেও জানান তিনি।

নাজমুল হাসান পাপন বলেন, ‘বাংলাদেশ ক্রিকেটের এই মুহূর্তে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে গ্রুপিং এবং এটাই বাস্তবতা। আমার আর অন্য কিছুতে সমস্যা নেই। আমি শুধুমাত্র এই গ্রুপিং নিয়ে ভীত এবং সম্প্রতি এই ব্যাপারে জানতে পেরেছি। বিশ্বকাপের সময় তাদের হোটেলে না থাকা সত্ত্বেও যা দেখেছি, শুনেছি… তা আমি বিশ্বাস করতে পারি না, এটা কীভাবে সম্ভব হয়। বাংলাদেশ ক্রিকেটের সুন্দর ভবিষ্যৎ দেখতে হলে আমাদের এই জিনিসের অবসান ঘটাতে হবে, কারণ একটা জিনিস সবারই বোঝা দরকার তা হলো এখানে গ্রুপিং করার সুযোগ নেই।’

সূত্র: ইত্তেফাক

চুয়াডাঙ্গায় সরকারি কর্মকর্তা- কর্মচারীদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ৩৪ তম বার্ষিক সরকারি কর্মকর্তা- কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা সকাল দশটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চুয়াডাঙ্গায় সরকারি কর্মকর্তা কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের সমন্বয়ে জেলা পর্যায়ে ৩৪তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, এ সময় তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

সকালে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) মোঃ আরাফাত রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা নেজারত ডেপুটি কালেক্টর সাদাত হোসেন সহ সকল উপজেলার নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি) ও সকল উপজেলা থেকে আগত সরকারি কর্মকর্তা- কর্মচারি ও তাদের ছেলে-মেয়ে।

শোয়েব আখতারকে ‘মানুষ’ হতে বললেন রমিজ

পাকিস্তানের সাবেক তারকা ক্রিকেটাররা একে অপরের সমালোচনায় লিপ্ত। সম্প্রতি জাতীয় দলের অধিনায়ক বাবর আজম ও সাবেক দুই তারকা ক্রিকেটার কামরান আকমল আর রমিজ রাজার সমালেচনা করেন ক্রিকেট ইতিহাসের দ্রুত গতির পেসার শোয়েব আখতার।

রমিজ রাজাকে নিয়ে শোয়েব আখতার বলেন, অনেকেই তার ওপর খুশি ছিল না। ক্রিকেট বোর্ডের ভেতর বাইরে অনেকে। আমি অনেকের কাছে শুনেছি তিনি সভাপতি হয়েছিলেন নিজের প্রচারের জন্য।

সাবেক ক্রিকেটার কামরান আকমলের ইংরেজি উচ্চারণ এবং পাকিস্তানের বর্তমান অধিনায়ক বাবর আজমের তারকা হয়ে ওঠার পথে ইংরেজি কম জানাকে সবচেয়ে বড় বাধা বলেও মন্তব্য করেন শোয়েব আখতার।

শোয়েব আখতারের সমালোচনার জবাব দিয়েছেন রমিজ রাজা। এক টেলিভিশন টকশোতে অংশ নিয়ে রমিজ রাজা বলেছেন, কিছু মানুষের বেশ ভুল ধারণা থাকে। এরা বিভ্রান্ত সুপারস্টার। সে সবাইকে এসবই বলতে থাকে।

কামরান আকমলের সঙ্গেও তার সমস্যা ছিল। সব সময় ব্র্যান্ড ব্র্যান্ড করতে থাকে, ব্র্যান্ড হওয়ার আগে মানুষ হওয়া জরুরি। আগে মানুষ হতে হবে, তারপর ব্র্যান্ড হওয়া যাবে।

রমিজ রাজা আরও বলেছেন, আমাদের ক্রিকেট নিচে নেমে যাওয়ার একটি কারণ হচ্ছে, এ ধরনের যেসব সাবেক ক্রিকেটার আছেন, তারাই আমাদের ক্রিকেটকে টেনে নিচে নামান। এটা আমাদের প্রতিবেশী দেশ ভারতে কখনো দেখবেন না।

তিনি বলেন, পাকিস্তানে এখন এমন একটা পরিস্থিতি তৈরি হয়েছে যে যার যেটা কাজ, তাকে সেটা করতে না দেওয়া এবং অহেতুক সমালোচনা করা। দূরে বসে সবাই সমালোচনা করতে পারে। কিন্তু কেউ এসে কাজটা করবে না।

রমিজ রাজা জানান, শোয়েব আখতার বলেছিলেন তিনি সভাপতি হলে ক্রিকেটারদের পূর্ণ স্বাধীনতা দেবেন। রমিজ বলেন, ‘সভাপতি হওয়ার জন্য ন্যূনতম স্নাতক পাস করতে হয়।’

সূত্র: যুগান্তর

ঢাকায় পৌঁছেছে ইংল্যান্ড ক্রিকেট দল

তিন ওয়ানডে এবং তিন টি-টোয়েন্টি ম্যাচ খেলতে ঢাকায় পৌঁছেছে ইংল্যান্ড জাতীয় ক্রিকেট দল।

শুক্রবার (২৪ ফেব্রুয়ারি) সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে নামেন ক্রিকেটাররা। আজ সারাদিন তারা বিশ্রাম নেবেন।

আগামীকাল শনিবার সকালে মিরপুরের একাডেমি মাঠে অনুশীলন শুরু করার কথা রয়েছে ইংল্যান্ড দলের। সিরিজ শুরুর আগে দুটি প্রস্তুতি ম্যাচ খেলার কথা থাকলেও দুই বোর্ডের সমঝোতায় তা বাতিল হয়েছে।

মিরপুর শেরে-ই বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে আগামী ১ মার্চ প্রথম ওয়ানডে দিয়ে শুরু হবে সিরিজ। বাকি দুই ওয়ানডে মাঠে গড়াবে ৩ ও ৬ মার্চ। এরপর ৯, ১২ ও ১৪ মার্চ তিনটি টি-টোয়েন্টি ম্যাচ খেলার মধ্য দিয়ে সিরিজ শেষ হবে।

সূত্র: ইত্তেফাক

মেয়র কাপের উদ্বোধন করলেন সৌরভ গাঙ্গুলী

ঢাকা উত্তর সিটি করপোরেশন আয়োজিত ডিএনসিসি মেয়র কাপ টুর্নামেন্টের উদ্বোধন করলেন ভারতের সাবেক ক্রিকেট অধিনায়ক ও ভারতীয় ক্রিকেট বোর্ডের সাবেক সভাপতি সৌরভ গাঙ্গুলী।

বৃহস্পতিবার রাজধানীর গুলশানে ওয়েস্টিন হোটেলে মেয়র কাপের উদ্বোধন করেন তিনি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম।

মার্চের প্রথম সপ্তাহে শুরু হবে এই মেয়র কাপ। টুর্নামেন্টে থাকবে ক্রিকেট, ফুটবল ও ভলিবল ডিসিপ্লিন।

ভারতীয় ক্রিকেটের সাবেক অধিনায়ক ও বিদায়ী বোর্ডপ্রধান সৌরভ গাঙ্গুলী বৃহস্পতিবার বিকাল ৩টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পা রাখেন। নির্ধারিত সূচি অনুযায়ী সকালেই ঢাকায় নামার কথা ছিল তার। ফ্লাইট জটিলতায় দেরি হয়েছে।

ঢাকা উত্তর সিটি করপোরেশন মেয়র কাপের উদ্বোধন করতেই বাংলাদেশে এসেছেন ‘প্রিন্স অব কলকাতা’। বিকাল পৌনে ৪টায় মেয়র কাপ উদ্বোধনের ভেন্যু হোটেল ওয়েস্টিনে প্রবেশ করেন তিনি।

সন্ধ্যা সাড়ে ৭টায় রাজধানীর ইন্টার কন্টিনেন্টাল হোটেলে আইসিআইসিআই ব্যাংকের এক অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা রয়েছে সৌরভের।

সৌরভকে দিয়ে মেয়র কাপের উদ্বোধন করানোকে বড় চমক বলছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম। সম্প্রতি এক সংবাদ সম্মেলনে আতিক জানিয়েছেন, আমি সৌরভ গাঙ্গুলীকে ধন্যবাদ জানাতে চাই, কারণ উনি মেয়র কাপের উদ্বোধনী অনুষ্ঠানে আসার জন্য কোনো টাকা নেননি।

আমি তাকে বলেছি, এই মেয়র কাপ মাদকের বিরুদ্ধে, ভবিষ্যৎ প্রজন্মকে বার্তা দেওয়ার জন্য আয়োজন করছি। মাদকমুক্ত দেশ গড়তে খেলাধুলার বিকল্প নেই। আমাদের বাচ্চাদের খেলাধুলায় উৎসাহ দেওয়ার জন্য, মাদককে না বলার জন্যই এই প্রতিযোগিতা। তিনি বিষয়টি খুব পছন্দ করেছেন।

ভারতে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

ভারতের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনস্থ মুজিবনগর বিওপির প্রতিপক্ষ ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ প্রীতি ম্যাচে বিএসএফ রানারআপ এবং বিজিবি চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

উক্ত প্রতিযোগিতায় বিজিবি’র পক্ষে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল এমারাত হোসেন, পিবিজিএম এবং বিএসএফ এর পক্ষে উপস্থিত ছিলেন ইন্সপেক্টর জেনারেল ডঃ অতুল ফুলজেলে, আইপিএসসহ বিজিবি-বিএসএফ এর অন্যান্য অফিসার, উভয় দেশের খেলোয়াড় এবং অন্যান্য সৈনিকবৃন্দ।

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক ক্রীড়া, সাংস্কৃতিক ও কুইজ প্রতিযোগিতা

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক ক্রীড়া, সাংস্কৃতিক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপজেলার ১১৬ টি স্কুলের মধ্যে ইউনিয়ন পর্যায়ে ৫৪ টি ইভেন্টে প্রথমস্থান অধিকারকারী শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশ নেয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন।দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম।

উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে ও উপজেলা পরিষদের সহযোগিতায় অনুষ্ঠিত দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন, নুর ইসলাম, ছবির উদ্দিন, শাহরিয়ার কবির ও সেলিম রেজা।

মাইলফলকের দ্বারপ্রান্তে মেসি

বিশ্ব ফুটবলের অন্যতম সেরা ফুটবলার হিসেবে নিজেকে প্রমাণ করা লিওনেল মেসি প্রতিনিয়ত যেন নিজের পারফরমেন্সকে আরও উজ্জ্বল করে তুলছেন। সম্প্রতি আর্জেন্টিনাকে উপহার দিয়েছেন বিশ্বকাপের শিরোপা। যেখানে তিনি সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন দলকে। এখন

ক্লাব ক্যারিয়ারে আরও একটি মাইলফলকের দ্বারপ্রান্তে উপস্থিত হয়েছেন আধুনিক ফুটবলের এই গোল মেশিন।

পেশাদার ফুটবলার হিসেবে ক্লাব ক্যারিয়ারের ৭০০ গোলের মাইলফলক স্পর্শ করতে আর মাত্র একটি গোল বাকি মেসির। তার আগে একমাত্র খেলোয়াড় হিসেবে এই মাইলফলক স্পর্শ করেছেন চির প্রতিদ্বন্দ্বী ক্রিশ্চিয়ানো রোনালদো। ক্লাব ক্যারিয়ারের বেশিরভাগ সময় বার্সেলোনায় কাটানো মেসি সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে কাতালান জায়ান্টদের জার্সি গায়ে ৭৭৮ ম্যাচে ৬৭২ গোল করেছেন। ২০২১ সালে পিএসজিতে যোগ দেওয়ার পর মেসি ৬১ ম্যাচে করেছেন ২৭ গোল।

আর এর ফলে ক্লাব ক্যারিয়ারে সর্বমোট ৮৩৯ ম্যাচে মেসির গোলসংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৯৯। আগামী সপ্তাহে পিএসজি লিগ ওয়ানে মার্সেইর মোকাবেলা করবে। আর সেই ম্যাচেই মেসি ক্যারিয়ারের অন্যতম দারুণ এই মাইলফলক স্পর্শ করার জন্য মুখিয়ে আছেন। এই ম্যাচে মেসি যদি গোল করতে পারেন তবে ইতিহাসে দ্বিতীয় খেলোয়াড় হিসেবে ৭০০ গোলের মাইলফলক স্পর্শ করবেন।

সূত্র: ইত্তেফাক

কুষ্টিয়া বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেছেন, ‘সুন্দর ও সুস্থ জীবন গঠনে এবং প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টিতে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। জয়-পরাজয় প্রতিযোগিতার পথ ধরেই সৃষ্টি হয় এবং প্রতিযোগিতার ফলে খেলার মান উন্নত হয়।’

তিনি গতকাল বিকেলে মিরপুর উপজেলার বলিদাপাড়া মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি বলেন, খেলাধুলা হচ্ছে লেখাপড়ার অবিচ্ছেদ্য অংশ। খেলাধুলা শরীর গঠনে ও মেধা বিকাশে সহায়তা করে। সুস্থ দেহ, সুস্থ মন গড়ে তোলে। বিশ্ব সম্প্রীতি বৃদ্ধি করে। কাজেই খেলাধুলা ছাড়া লেখাপড়া অসম্পূর্ণ থেকে যায়। এছাড়াও আন্তর্জাতিক অঙ্গনে দেশের পরিচিতি ও সম্মান বাড়ানোর ক্ষেত্রে খেলাধুলার ভূমিকা অনস্বীকার্য।

তিনি বলেন, বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয় আয়োজিত আজকের এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক প্রতিযোগীতার মধ্য দিয়ে আমাদের নতুন প্রজন্ম, আমাদের ছাত্র ছাত্রীরা বঙ্গবন্ধুকে নতুন ভাবে জানার সুযোগ লাভ করবে। তারা জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধ হয়ে সুনাগরিক হবার দীপ্ত শপথে বলীয়ান হবে।

বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মমিনের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মিরপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জয়নাল আবেদীন, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টু, উপজেলা আওয়ামীলীগের নাট্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক শাহানুর মালিথা, বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ, ইরিনা খাতুন, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মোহাম্মদ মিঠু মন্ডল, জালাল উদ্দিন মন্ডল, মোহন আলী খান, মঞ্জু মৌলভী, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সুমন মালিথা, সাধারন সম্পাদতকব এজে অপিসহ অভিভাবক সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন।

দিনব্যাপী বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে দৌড় প্রতিযোগিতা, দীর্ঘ লম্ফ, মার্বেল চামুচ মুখে দৌড়, দড়ি লাফ, পাতিল ভাঙ্গা, বর্ষা-চাকতি-গোলক নিক্ষেপ, আবৃত্তি, নৃত্য ও চমকপ্রদ ইভেন্ট যেমন খুশি তেমন সাজসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক এনামূল হক বাবু।

ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ।

‘ফিফার অতি গোপনীয় কথা বলতে পারি না’

সংবাদমাধ্যম এগিয়ে গেলেও কাজী সালাহউদ্দিন লুফে নেন না। দেশের এমন সেলিব্রেটি হয়েও অন্যদের মতো প্রচারের স্রোতে গা ভাসান না। নিজেকে আড়ালে রাখতে গিয়ে সঠিক তথ্যটা আড়ালেই পড়ে গেছে বহুবার। একটু ভিন্নতা এসেছে এবার।

সম্প্রতি ফিফায় বাফুফের সাধারণ সম্পাদক আবু নাইম সোহাগসহ চারজনের যাওয়ার ব্যাপারে নানা সমালোচনার গুঞ্জন ডালপালা মেলেছিল। সমালোচনার তীর ছিল বাফুফের সভাপতি সালাহউদ্দিনের দিকে। গতকাল বিকালে অনানুষ্ঠানিক আলোচনায় সালাহউদ্দিন দাবি করলেন ফিফায় যারা গিয়েছেন তাদেরকে কি কারণে ডাকা হয়েছে তার কিছুই তিনি জানেন না।

সালাহউদ্দিন বললেন, ‘ফিফার অতি গোপনীয় কথা বলতে পারি না। পরিষ্কার লেখা ছিল কনফিডেন্সিয়াল। আমি যদি জিজ্ঞেস করি তাহলে ফিফার চোখে আমি বিপদে পড়ব। ফিফা যাদের নামে চিঠি দিয়েছে তাদের সঙ্গেই কথা বলেছে। তারপরও আমি জিজ্ঞাসা করেছিলাম সোহাগকে। সেও আমাকে কিছু বলেনি। এখন কথা হচ্ছে যাদের নামে চিঠি এসেছে তাদের বাইরে এ বিষয়টা কারোরই জানার কথা না। নিশ্চয়ই এদের মধ্য থেকে কেউ প্রকাশ করেছে।’

সোহাগ বললেন, ‘আমরা অনুমান করছি কার কাছ থেকে খবর বেরিয়েছে।’ শুনেই সালাহউদ্দিন বললেন, ‘আমি অনুমান করতে পারছি না। যিনি প্রকাশ করেছেন তিনি ক্রাইম করেছেন।’

সালাহউদ্দিন বললেন, ‘ফিফা এখন এই সব নিয়ে ভাবছে। তারাও বিভিন্ন কমপ্লায়েন্স নিয়ে আছে। একবার বলছিল দুই বছর পর পর বিশ্বকাপ আয়োজন করবে, সেটি পারেনি।

আরেক বার বলল, লিগ চালু করবে, সেটাও পারেনি। কোনো ফেডারেশনে কি হয়েছে সেটা নিয়ে ভাবছে। এমন তালিকায় ৪০ দেশ রয়েছে। যারা ফিফার ফান্ড গ্রহণ করে তাদেরকে ফিফার ডাকে দৌড়াতে হচ্ছে। ইউরোপের অনেক দেশ ফান্ড নেয়ও না, দৌড়াতেও হয় না।’

সালাহউদ্দিন চাইছেন যতক্ষণ না পর্যন্ত ফিফা প্রকাশ না করছে তা নিয়ে আমরাও কোনো কিছু বলতে পারব না।

গোটা পৃথিবী সেপ ব্ল্যাটার এবং মিশেল প্লাতিনির বিষয়ে প্রকাশ করা হলে তখন তাদেরকে চোর চোর বলে গাল দেওয়া হলো। সেই খবর সব জায়গায় বড় করে প্রচার হলো। ফিফা যখন ব্ল্যাটার এবং প্লাতিনিকে ক্লিয়ার করে দিল সেই খবর কয়জন জানলো। পত্রিকায় একবার পড়লাম ফুটবলার এমবাপ্পে ৩০০ মিলিয়ন ইউরোতে চুক্তিবদ্ধ হয়েছে। আজ একই পত্রিকায় পড়লাম ১০০ মিলিয়ন ইউরোতে চুক্তিবদ্ধ হয়েছেন এমবাপ্পে।

জেমি ডে বকেয়া পাচ্ছে না কেন?

বাফুফে সভাপতি পরিষ্কার জানিয়ে দিয়েছেন তার পাওনা দিতেই হবে। আমরা তাকে রাখিনি। বকেয়া যা আছে সেটা পাঠাতে বাংলাদেশ ব্যাংকের কিছু নিয়ম-কানুন রয়েছে। ৮৬ হাজার ডলার সঙ্গে আরো কিছু যোগ হয়েছে। এই ডলার পাঠাতে হলে সরকারি অনুমোদনের প্রয়োজন হয় এবং সেটি ধাপে ধাপে এগিয়ে যায়। পৃথিবীর ৯০ ভাগ কোচ যাওয়া-আসার মধ্যেই থাকে।’

সালাহউদ্দিন বললেন,‘ জেমির কারণে ফান্ড ব্লক করেছে সে রকম চিঠি পাইনি। জেমির সঙ্গে দুই বছরের জন্য চুক্তি করেছিলাম। কিন্তু জেমি বছরের বেশির ভাগ সময় লন্ডনে থাকবে। তাকে আনতে গেলে সে আসতে চাইবে না। এটা তো হয় না।’

বিদেশি কোচ নিয়োগ থেকে বেরিয়ে আসা যায় কি না? সালাহউদ্দিন বললেন, ‘দেশি কোচদের দিয়ে চেষ্টা কম হয়নি। যাকেই দায়িত্ব দিয়েছি সে তো রেজাল্ট দিতে পারেনি।’ যেসব দেশি কোচকে দায়িত্ব দিয়েছিলেন তাদের অনেকের নাম উল্লেখ করেন সালাহউদ্দিন।

৬০ ভাগ ফুটবলারই আনফিট

জাতীয় দলে নেওয়া যেতে পারে এমন ফুটবলার খুঁজতে দেওয়া হলে সালাহউদ্দিন কীভাবে বাছাই করবেন। তিনি বললেন, ‘লিগের খেলা দেখলে বুঝা যায় ৬০ ভাগ ফুটবলার আনফিট। জাতীয় দলে খেলার মতো ফিটনেস

নেই। খেলোয়াড়রা ক্লাবে থাকেন। সেখান থেকেই গড়ে উঠবেন। কিন্তু এখানে সেটা নেই। খেলোয়াড়রা বছর জুড়ে ক্লাবের কাছে থাকে। তারা তাদের মতো করে ফুটবলারদের গড়ে তুলছেন। আমার কাছে বাজেট থাকলে আমি টাকা খরচ করে ফুটবলার নিয়ে রাখতাম, জাতীয় দলের জন্য।

দুই একটি ক্লাব সঠিকভাবে কাজ করছে। আমরা যেমন মেয়েদেরকে এক জায়গায় রাখছি। ক্লাবের ফুটবলারদের নিয়ে সেভাবে পরিকল্পনা করতে পারছি না। যেটা পারছি মেয়েদের নিয়ে। তাহলে ছেলেদের ফুটবলে রেজাল্ট পাব কীভাবে। ইউরোপের ক্লাবগুলো পেশাদার প্রথায় চলে। তারা সেভাবে খেলোয়াড়দের গড়ে তুলছে। জাতীয় দলে আসলে কোচ শুধু খেলার ছকটা দেখিয়ে মাঠে নামায়। আমাদের এখানে দুই একটা ক্লাব ছাড়া নিজেদের মাঠও নেই।’

প্রিমিয়ার লিগের মান

লিগের মান নিয়ে অসন্তোষ আছে বাফুফে সভাপতির। ক্লাবগুলো সেভাবে অবকাঠামো তৈরি করতে পারেনি। ক্লাব ফুটবলের স্ট্যান্ডার্ড কমলে জাতীয় দলের ব্যর্থতাও বেড়ে যাবে। এখন দেখবেন এক তরফা লিগ হচ্ছে। দুই-একটা ক্লাব ট্রফি জয় করছে। অন্যান্য ক্লাব যদি শক্তিশালী দল না গঠন করে তাহলে লিগের মান বাড়বে না। খেলোয়াড়দের মান বাড়বে না। তার পরও বলব দক্ষিণ এশিয়ার লিগের তুলনায় ভালো।’

সূত্র: ইত্তেফাক